স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৩ ও জুন, ২০১৪

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

সপ্তম পত্র (7th Paper : **Lokasahitya Ebong Bharatiya Sahitya**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

বিভাগ – ক

(লোকসাহিত্য - ৫০)

১। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ১ = ২০

(ক) লোকসাহিত্যের সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে উল্লেখ করে তার উপকরণগুলির বিষয়ে সংক্ষেপে লিখুন।

(খ) মৈমনসিংহ গীতিকার সংগ্রহ-সম্পাদনা ও প্রকাশের সংক্ষিপ্ত ইতিবৃত্তের উল্লেখ করে পাশ্চাত্য ব্যালাড ও বাংলা গীতিকার তুলনামূলক আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) মৈমনসিংহ গীতিকার নাট্যলক্ষণ সম্পর্কে আলোচনা করুন।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১০ × ২ = ২০

(ক) লোকনাট্যের বৈশিষ্ট্যগুলি কী কী ? যে-কোনো একটি লোকনাট্যের সংক্ষিপ্ত পরিচয় দিন।

(খ) বাংলা ধাঁধা সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখে গার্হস্থ্য জীবন বিষয়ক ধাঁধার কতিপয় উদাহরণসহ আলোচনা করুন।

(গ) 'ভাদুলিব্রত' ও 'বসুধারা ব্রত' সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখুন।

(ঘ) 'গ্রাম্য সাহিত্য' ও 'শিষ্ট সাহিত্যের' সংক্ষিপ্ত তুলনামূলক আলোচনা করুন।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৫ × ২ = ১০

(ক) কবিগানের প্রকৃতি ও গুরুত্ব সম্পর্কে লিখুন।

(খ) মৈমনসিংহ গীতিকার নিম্নলিখিত পালাগুলির মধ্যে যে-কোনো একটি সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখুন :

(অ) মলুয়া

(আ) চন্দ্রাবতী

(ই) দস্যু কেনারামের পালা।

(গ) 'তোষলা ব্রত' কী ?

(ঘ) মন্ত্রের শ্রেণীবিভাগগুলি সম্পর্কে লিখুন।

বিভাগ – খ

(আধুনিক ভারতীয় সাহিত্য - ৫০)

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ১ = ২০

(ক) আধুনিক কালের ভারতীয় সাহিত্য সম্পর্কে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ লিখুন।

(খ) 'সদগতি' গল্পে নিম্নবর্গীয় অন্ত্যজ শ্রেণীর প্রতি উচ্চবর্গীয় ব্রাহ্মণ সম্প্রদায়ের যে ঘৃণা প্রকাশ পেয়েছে তার সম্পর্কে আলোকপাত করুন।

(গ) 'বাচ্চা' গল্পটির মধ্যে ইসমত চুঘতাইয়ের সাম্প্রদায়িক গোঁড়ামি-বিরোধী মনের যে পরিচয় পাওয়া যায় তা বিশ্লেষণ করুন।

(ঘ) 'চোপ আদালত চলছে' নাটকটির গঠন-বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করুন।

৫। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১০ × ২ = ২০

(ক) 'চেম্মিন' উপন্যাসটির দুটি প্রধান চরিত্র পারীকুট্টি ও কারুতাম্মা। এই দুটি চরিত্রের যে-কোনো একটির ওপর বিশ্লেষণী আলোকপাত করুন।

(খ) 'চোপ আদালত চলছে' নাটকের পার্শ্বচরিত্রগুলির মধ্যে কোন্‌টি সবচেয়ে গুরুত্বপূর্ণ — আলোচনা করুন।

(গ) 'কুঞ্জবনের ক্ষ্যাপা' গল্পটির সঙ্গে তুলনীয় বাংলা সাহিত্যের কতিপয় প্রতিতুলনা সম্পর্কে আলোচনা করুন।

(ঘ) আধুনিক ভারতীয় সাহিত্যের মধ্যে প্রতিফলিত 'ভারতীয়ত্ব' বলতে কী বোঝেন আলোচনা করুন।

৬। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৫ × ২ = ১০

(ক) 'সদ্‌গতি' গল্পে 'চামারদের মধ্যে কেউই মড়া সরাতে রাজি হল না' — কেন ?

(খ) 'বাচ্চা' গল্পটিতে অনাথ আশ্রম ও এতিমখানার পরিচালকদের মনোভাব কেমন ছিল ?

(গ) ক্ষ্যাপার হ্যালুসিনেশন এবং জাদু বাস্তবতা সম্পর্কে লিখুন।

(ঘ) লীলা বেনারের স্বগতোক্তিমূলক জবানবন্দী নাটকটির ক্ল্যাইম্যাক্স না ক্যাটাস্ট্রফি ? কেন ?

(ঙ) মালাবারের জেলে-সমাজে মোড়লদের গুরুত্ব কেমন ?